দৈনিক স্টেটসম্যান

কলকাতা | শিলিগুড়ি | পৃষ্ঠা ১০ | মূল্য ৪ টাকা | শুক্রবার ২২ মে ২০২৬ | ৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ www.dainikstatesmannews.com @StatesmanDainik DainikStatesmanofficial

# সুলভ ক্যানসার চিকিৎসার স্বপ্ন নিয়েই ৫৩ বছরে সরোজ গুপ্ত ক্যানসার সেন্টার




**নিজস্ব প্রতিনিধি**— মানবিকতা আর সুলভ ক্যানসার চিকিৎসার স্বপ্নকে সঙ্গী করেই ৫৩ বছরে পদার্পণ করল সরোজ গুপ্ত ক্যানসার সেন্টার অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট। বৃহস্পতিবার প্রখ্যাত ক্যানসার বিশেষজ্ঞ ডা. সরোজ গুপ্তের ১৬তম প্রয়াণবার্ষিকীতে তাঁকে শ্রদ্ধা জানাতে নানা কর্মসূচির আয়োজন করা হয়।

এদিন রক্তদান শিবির, পুষ্পার্ঘ্য অর্পণ এবং স্মারক গ্রন্থ 'অ্যা ভিশনারি: দ্য লাইফ অ্যান্ড লেগ্যাসি অফ ডা. সরোজ গুপ্ত'-এর প্রকাশের মাধ্যমে স্মরণ করা হয় এই কিংবদন্তি চিকিৎসককে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলকাতার শেরিফ গৌতম ঘোষ-সহ একাধিক বিশিষ্ট ব্যক্তি।

প্রতিষ্ঠানের অবৈতনিক সম্পাদক অঞ্জন গুপ্ত বলেন, 'আমার বাবা বিশ্বাস করতেন, আর্থিক সমস্যার কারণে কোনও রোগীর চিকিৎসা বন্ধ হওয়া উচিত নয়।'

প্রতিষ্ঠানের চিকিৎসা অধিকর্তা ডা. অর্ণব গুপ্ত জানান, 'সহমর্মিতা ও রোগীকেন্দ্রিক চিকিৎসার যে আদর্শ ডা. সরোজ গুপ্ত আমাদের শিখিয়েছেন, সেটাই আজও প্রতিষ্ঠানকে পথ দেখাচ্ছে।'